

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কটিয়াদী, কিশোরগঞ্জ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং : ০৫.৪১.৪৮৪৫.০০১.৩০.২২-১১৫৭

তারিখ : ০৪/১২/২০২২ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন কটিয়াদী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদবি	পদ সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	১ জন	১৫,০০০ টাকা	ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/ দাওরায়ে হাদিস পাশ। কোনো প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন। গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	১ জন	১০,০০০ টাকা	ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩	খাদিম	২ জন	৭,৫০০ টাকা	ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/খাদিম হিসেবে ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :

- ১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ২। আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) বর্তমান ঠিকানা (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা এবং (জ) অভিজ্ঞতা সংক্রান্ত সনদসহ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, কটিয়াদী, কিশোরগঞ্জ বরাবর আবেদন করতে হবে।
- ৩। দরখাস্তের সাথে নিম্ন লিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।  
(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (খ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি। (গ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি। (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি। (ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- ৪। প্রার্থীকে অবশ্যই আগামী ১৯/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, কটিয়াদী, কিশোরগঞ্জ বরাবর ডাকযোগে অথবা সরাসরি আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।
- ৫। আগামী ২০/১২/২০২২ খ্রি. আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক গ্রহণযোগ্য প্রার্থীদের তালিকা <http://katiadi.kishoreganj.gov.bd> তে এবং নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- ৬। বাছাইকৃত যোগ্য প্রার্থীকে আগামী ২১/১২/২০২২ খ্রিঃ পরীক্ষা দেয়ার জন্য সকাল ১০.০০ ঘটিকার মধ্যে সকল কাগজপত্রের মূল কপিসহ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, কটিয়াদী, কিশোরগঞ্জ এর কার্যালয়ে উপস্থিত হতে হবে।
- ৭। কোনো প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। করলে বাতিল বলে গণ্য হবে।
- ৮। প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টি.এ/ডিএ প্রদান করা হবে না।
- ৯। কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে ভবিষ্যতে তার নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। কোন কারণ দর্শনো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১১। কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে পরিগণিত হবে।



(খানজাদা শাহরিয়ার বিন মান্নান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি  
কটিয়াদী, কিশোরগঞ্জ

পিসি-১৭৭৪/২২ (৮'x৪)